



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০

(সংরক্ষণ শাখা, সার ব্যবস্থাপনা বিভাগ)

www.badc.gov.bd

স্মারক নং-১২.২৪৩.০১৮.০১.০৫.০০৬.২০০২- ৩৭৩

তারিখঃ ১৭ সেপ্টেম্বর ২০১৭ খ্রিঃ।

বরাবর

যুগ্ম পরিচালক (সার)

বিএডিসি, কিশোরগঞ্জ।

বিষয়ঃ কিশোরগঞ্জ অঞ্চলের কুলিয়ারচর ৪০০ মেঃ টন সার গুদাম, বাসাবাড়ী ও অন্যান্য স্থাপনাদির ভাড়া চুক্তি প্রসঙ্গে।

সূত্রঃ ১. আপনার দপ্তরের স্মারক নং-১৫৬ তারিখঃ ২৭/০৮/২০১৭।

২. এই দপ্তরের স্মারক নং-১৯০৭ তারিখঃ ২১/০৬/২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কিশোরগঞ্জ অঞ্চলের কুলিয়ারচর ৪০০ মেঃ টন সার গুদাম, বাসাবাড়ী ও অন্যান্য স্থাপনাদি যেহেতু, ০১/০৫/২০০৭ হতে ৩০/০৪/২০১৬ তারিখ পর্যন্ত পূর্ববর্তী সময়ের নবায়ন চুক্তিপত্র সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত হয়নি অর্থাৎ চুক্তি সম্পাদন করা হয়নি। তাই নবায়ন চুক্তি সম্পাদন করতে হলে চুক্তির ধারাবাহিকতা রক্ষা করা প্রয়োজন। সুতরাং ভাড়াটিয়ার সাথে চুক্তি নবায়ন না করে নতুন চুক্তি সম্পাদন করতে হবে।

২. এমতাবস্থায়, কিশোরগঞ্জ অঞ্চলের কুলিয়ারচর ৪০০ মেঃ টন সার গুদাম, বাসাবাড়ী ও অন্যান্য স্থাপনাদি জনাব আঃ কাউয়ুম এর অনুকূলে বর্তমান মাসিক ভাড়া ২৩০২/- টাকার উপর প্রতি বছরান্তে ২০% ভাড়া বৃদ্ধি করে ১ম বছরের মাসিক ভাড়া ২৭৬২.৪০ টাকা এবং ২য় বছরের মাসিক ভাড়া ৩১১৪.৮৮ টাকা হিসেবে ০১/০৫/২০১৬ তারিখ হতে ৩০/০৪/২০১৮ তারিখ পর্যন্ত ০২ (দুই) বছরের জন্য নতুনভাবে ভাড়া চুক্তি করতে হবে। উল্লেখিত সময়ের ভাড়া চুক্তিপত্রে সচিব মহোদয়ের স্বাক্ষরের জন্য ভাড়া চুক্তির শর্তাবলি প্রতিস্থাপনপূর্বক স্বাক্ষরবিহীন নতুন চুক্তি/মূল চুক্তিপত্র প্রস্তুতপূর্বক খসড়া ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৩. উল্লেখ্য যে, এই দপ্তরের স্মারক নং-১২৭৬ তারিখঃ ১৪/০২/২০১৭ মূলে জারিকৃত নবায়ন আদেশের স্থলে নতুনভাবে ভাড়া চুক্তির বিষয়ে উল্লেখ করতে হবে। অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)

বিএডিসি, ঢাকা।

ফোন: ৯৫৫ ৪০১৬

অনুলিপিঃ

১. জনাব মোঃ আঃ কাউয়ুম, পিতা: মরহুম মিছির মিয়া, গ্রাম: খিলেরবন্দ, পো: উছমানপু, উপজেলা: কুলিয়ারচর, জেলা: কিশোরগঞ্জ।

২. ~~স্বাক্ষরকারী~~ প্রোগ্রামার (আইসিটিসেল), মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের জন্য)।

৩. অফিস কপি।